প্রোগ্রাম ফর কমিউনিটি ডেভেলপমেন্ট (পিসিডি)

প্রতিষ্ঠাকালঃ ২৩ জুলাই ১৯৮৬ খ্রিঃ
যোগাযোগঃ মোঃ শফিকুল আলম, নির্বাহী পরিচালক
প্রধান কার্যালয়ঃ রাধানগর, মক্তবমোড়, পাবনা।
ফোনঃ ০৭৩১-৬৬৯৬৯, মোবাইলঃ ০১৭১৬-৫৩৫০৮১, ০১৮৮০-০৯৫৪০০

E-mail: pcdpabna18@gmail.com
pcdpabna17@yahoo.com
web.pcdbd.org

জনাব মোঃ শফিকুল আলম নির্বাহী পরিচালক, পিসিডি পাবনা, দাপ্তরিক কাজে ব্যস্ত।

পিসিডি একটি অরাজনৈতিক, বেসরকারি এবং সমাজসেবামূলক প্রতিষ্ঠান। পিসিডি দেশের উত্তরাঞ্চলের দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান, আর্থ-সামাজিক ও মানব মর্যাদা উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি/প্রকল্প বাস্তবায়ন করছে। দেশের সামাজিক ও অর্থনৈতিকভাবে কম সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠী যারা মানসম্মত সাধারন ও প্রজনন স্বাস্থ্যসেবার সুবিধা, পুষ্টি, আয়বর্ধনমূলক কর্মের সুযোগ, ন্যায় বিচার প্রাপ্তি থেকে বঞ্চিত এবং যারা জলবায়ু পরিবর্তনের প্রভাবে বিপদগ্রস্থ তাদের সহায়তা করে থাকে। এছাড়াও সংস্থাটি মানুষের চাহিদা এবং তাদের সক্ষমতা বৃদ্ধি, প্রয়োজনীয় সেবা ও উপকরন প্রাপ্তিতে সহযোগিতার উপর জোর দিয়ে থাকে।

সংস্থার নিবন্ধনঃ

পিসিডি বাংলাদেশ সরকারের বিভিন্ন দপ্তর থেকে উপযুক্ত নিবন্ধন গ্রহন করেছে। নিম্নে নিবন্ধন সংক্রান্ত তথ্য উল্লেখ করা হলোঃ

নিবন্ধন কর্তৃপক্ষ	নিবন্ধন নম্বর	তারিখ
সমাজসেবা অধিদপ্তর	পাবনা-১৩১(২৫৪)/৮৬	২৩/০৭/১৯৮৬
এনজিও বিষয়ক ব্যুরো	৮৭২	০৪/১২/১৯৯৪
মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি	০১৫০৮-০০৭০৩-০০১৩৫	০৭/০২/২০০৮

এছাড়াও পিসিডি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নিবন্বিত (টিন-৯০৪-৩০০-০০২৮) এবং ২০১২ সাল থেকে নিয়মিতভাবে আয়কর রিটার্ণ দাখিল করে আসছে।

কর্ম এলাকাঃ পাবনা, সিরাজগঞ্জ,নাটোর, বগুড়া এবং কুষ্টিয়া।

সংস্থার স্থায়ী ও প্রকল্পের সর্বমোট ৩৩৩ জন দক্ষ ও অভিজ্ঞ কর্মী বাহিনী দ্বারা বর্তমানে নিম্নলিখিত কর্মসূচিসমূহ বাস্তবায়িত হচ্ছে।

সমৃদ্ধি কর্মসূচী (ENRICH)ঃ পল্লী কর্ম সহায়ক ফাউণ্ডেশেন (PKSF) এর আওতায় পাবনা জেলার চাটমোহর উপজেলা (গুনাইগাছা ইউনিয়ন) এ কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। সমৃদ্ধি বাড়ি, স্বাস্থ্য, কৃষি বিষয়ক পরামর্শ প্রদান, ঋণ সহায়তা, স্যানিটেশন সুবিধা প্রদান, উদ্যমী (ভিক্ষুক) পুর্ণবাসনসহ (ভিক্ষুকমুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে গুনাইগাছা ইউনিয়নের ভিক্ষুকদের স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতে প্রতি অর্থ বছরে ২ জন ভিক্ষুককে আইজিএ বাস্তবায়নের জন্য সর্বমোট ১০০০০০ টাকা করে প্রদান করা হয়।) বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম পরিচালিত হচ্ছে। এছাড়াও সমৃদ্ধি কর্মসূচীর আওতায় ৩০টি বৈকালীন শিক্ষাকেন্দ্র রয়েছে। অসচ্ছল প্রবীনদের জন্য সামাজিক কেন্দ্র স্থাপন , বর্তমানে ৯৩৪ জন প্রবীণকে বয়স্কভাতা, সম্মামনা, বিশেষ ঋণ সুবিধা,স্বাস্থ্যসেবা, স্বল্পসুদে প্রবীণদের ঋণ প্রদান ও বিশেষ সহায়তা প্রদানের মাধ্যমে জীবনযাত্রার মান উন্নয়ন করা হচ্ছে।

কৈশোর কর্মসূচীঃ পল্লী কর্ম সহায়ক ফাউণ্ডেশেন (PKSF) এর আওতায় পাবনা জেলার চাটমোহরও ভাঙ্গুড়া উপজেলা এ কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। এ কর্মসূচীর আওতায় কিশোরী ক্লাবে ব্লাড গ্রুপিং, বয়সন্ধিকালিন স্বাস্থ্য সচেতনতা, সামাজিক সচেতনতা, স্বাস্থ্যকর স্যানিটেশন, নারী ও শিশু নির্যাতন, দক্ষতা ও নেতৃত্ব এবং যৌতুকরোধ বিষয়ক কর্মকান্ড বাস্তবায়ন করা হচ্ছে এবং চাটমোহর ও ভাঙ্গুড়া উপজেলার প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীসহ সকল স্তরের সাধারণ মানুষের মধ্যে সাংস্কৃতি ও ক্রীড়ার আয়োজন করা হয়। এই কর্মসূচির মাধ্যমে ছাত্রছাত্রীরা উৎফুল্ল্য থাকে তাই এর মাধ্যমে তাদের মানবিক ও মেধাশক্তির বিকাশ ঘটে।

PACE প্রজেক্টঃ পল্লী কর্ম সহায়ক ফাউণ্ডেশেন (PKSF) এর আওতায় পাবনার সদর-এর দোগাছী ইউনিয়নে এ কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। এ কর্মসূচীর আওতায় কৃষকদের ইকোলজিক্যাল ফার্মি-এর উপর প্রশিক্ষণ, বীষমুক্ত ফসল/সবজি চাষ, জৈব সার তৈরি, শস্য-অশস্য, প্রাকৃতিকভাবে গরু, মাছ, মুরগী চাষ ও সবজি চাষ, প্রাকৃতিকভাবে পোকামাকড় দমনের পদ্ধতি, তরল সার, ফসলের গ্রেডিং, প্যাকেজিং ও মার্কেটিং বিষয়ক কর্মকান্ড বাস্তবায়ন করা হচ্ছে।

SEP প্রজেক্টঃ পল্লী কর্ম সহায়ক ফাউণ্ডেশেন (PKSF)-এর আর্থিক সহযোগিতায় পাবনা সদর উপজেলার ভড়ারা ইউনিয়নের খাসচড়ে এ কর্মকান্ড বাস্তবায়ন করা হচ্ছে । সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট-এর আওতায় খাসচড়ে একটি নিরাপদ গুড়ের প্লান্ট স্থাপন করা হয়েছে। সেখান থেকে নিরাপদ আখ থেকে পুষ্টিকর ও স্বাস্থ্যসম্মত গুড় তৈরি করা হচ্ছে এবং প্লান্টের পাশেই একটি ইকো-ট্যুরিজম করা হয়েছে।

MDP-AF প্রজেক্টঃ পল্লী কর্ম সহায়ক ফাউণ্ডেশেন (PKSF) ও এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক-এর আর্থিক সহযোগিতায় সংস্থার ১৪ টি শাখার মাধ্যমে কোভিড-১৯-এর যেসকল ক্ষুদ্র উদ্যোগতাদের ব্যবসা পরিচালনা কষ্টসাধ্য হয়ে দাড়িয়ে ছিল সেসমস্ত ক্ষুদ্র উদ্যোগতাদের ব্যবসা পরিচালনার জন্য স্বল্পসুদে সাপোর্ট ঋণ বা সহায়ক ঋণ হিসেবে প্রদান করা হচ্ছে। এই ঋণের মাধ্যমে উদ্যোগতাদের পরিবেশ ও সামাজিক সুরক্ষা যাচাই বাচাই করে প্রকল্প ভিত্তিক ঋণ প্রদান করা হয়।

RAISE প্রজেক্টঃ পল্লী কর্ম সহায়ক ফাউণ্ডেশেন (PKSF) ও ওর্য়াল্ড ব্যাংক-এর আর্থিক সহযোগিতায় সংস্থার ২৬ টি শাখার মাধ্যমে উদ্যোগতাদের ব্যবসা পরিচালনার জন্য স্বল্পসুদে ঋণ প্রদান করা হচ্ছে। এই প্রকল্পের মাধ্যমে উদ্যোগতাদের ব্যবসা পরিচালনার পাশাপাশি বিভিন্ন বিষয়ে ট্রেনিং প্রদান করা হচ্ছে এবং বেকার ছেলে মেয়েদেরও বিভিন্ন ট্রেডিংয়ের উপর ট্রেনিং প্রদান করে কর্মের ব্যবস্থাসহ কেউ উদ্যোগতা হতে চাইলে তাকেও ঋণ সহায়তা দেওয়া হচ্ছে।

Rural Microenterprise Transformation Project (RMTP) প্রজেক্ট-সরিষা ও সরিষার তেলঃ পল্লী কর্ম সহায়ক ফাউণ্ডেশেন (PKSF), ইফাদ ও ড্যানিডা-এর আর্থিক সহযোগিতায় পাবনার জেলার চাটমোহর উপজেলায়-এর কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। এ প্রকল্পের মাধ্যমে চলনবিলের সরিষা চাষের মাধ্যমে নিরাপদ ও পুষ্টিকর সরিষার তেল উৎপাদন ও বাজারজাতকরণ করা হচ্ছে। এ প্রকল্পের মাধ্যমে তিনজন উদ্যোগতাকে কোল্ড প্রেস মেশিন ক্রয়ের জন্য অনুদান বাবদ প্রতিজনকে ৬,০০,০০০/- টাকা সর্বমোট ১৮,০০,০০০/-প্রদান করা হয়েছে। কর্মসূচীর আওতায় কৃষকদের সরিষা চাষের উপর প্রশিক্ষণ, জৈব সার তৈরি, প্যাকেজিং ও মার্কেটিং বিষয়ক কর্মকান্ড বাস্তবায়ন করা হচ্ছে।

Rural Microenterprise Transformation Project (RMTP) প্রজেক্ট-মাছ ও ঝিনুক চাষঃ পল্লী কর্ম সহায়ক ফাউণ্ডেশেন (PKSF), ইফাদ ও ড্যানিডা-এর আর্থিক সহযোগিতায় পাবনার জেলার পাবনা সদর ও আটঘরিয়া উপজেলায়-এর কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। এ প্রকল্পের মাধ্যমে পাবনা সদর ও আটঘরিয়া উপজেলার মৎস্য ও ঝিনুক চাষিদের বিভিন্ন ট্রেনিং প্রদান করা হচ্ছে। চাষীদের উৎপাদিত মাছ থেকে রেডি ফুড ফিশ, ড্রাই ফিশ প্যাকেটজাতের পরিকল্পনা করে উৎপাদন ও বাজারজাতকরণ ব্যবস্থা হচ্ছে। এ প্রকল্পের মাধ্যমে প্রায় ৫০০০ জন মাছ চাষী সুবিধা পাবে। এছাড়া এ প্রকল্পের মাধ্যমে মাছ চাষের পাশাপাশি ঝিনুক চাষ করে মাছ চাষীগণ বেশি লাভবান হতে পারবে। ঝিনুক দিয়ে অলংকার তৈরি করে সেই সমস্ত অলংকার ও রেডি ফুড ফিশ, ড্রাই ফিশ দেশের চাহিদা মিটায়ে দেশের বাইরে রপ্তানী করারও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

NOREC প্রজেক্টঃ NOREC (Norwegian Agency for Exchange Cooperation) নরওয়ে-এর আওতায় পাবনা জেলার চাটমোহর উপজেলার মূলগ্রাম ও গুনাইগাছা ইউনিয়ন এ কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। **Improving Health of Socially Deprived Women and Children** প্রকল্পটি স্বাস্থ্য সেবা বঞ্চিত নারী ও শিশুর স্বাস্থ্য সেবা প্রদান করাই হ'ল এই প্রকল্পের লক্ষ্য। এছাড়া অত্র কর্মসূচির পার্টনার Turnstone Global (Kolkata, India)-এর স্বাস্থ্য সেবা সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন করার পূর্ব অভিজ্ঞতা রয়েছে। এই কর্মসূচির আওতায় Turnstone Global কর্তৃক নিয়োগকৃত ১ জন দক্ষ মেডিকেল অফিসার ও ১ জন পুষ্টিবিদ (ভারত হতে আগত) উল্লেখিত এলাকায় মহিলা ও শিশুদের স্বাস্থ্যসেবা প্রদান করবেন। অনুরূপভাবে পিসিডি সংস্থা হতে নিয়োগকৃত ১ জন দক্ষ মেডিকেল অফিসার ও ১ জন পুষ্টিবিদ ভারতে গিয়ে নির্দিষ্ট এলাকায় মহিলা ও শিশুদের স্বাস্থ্যসেবা প্রদান করবেন।